

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৩০০.০১৭.২৭.০০২.১৫. ৪২৭

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


যেহেতু, শাহরাস্তি উপজেলার ৬নং রায়শ্রী দক্ষিণ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আবদুচ ছাত্তার এর বিরুদ্ধে দুর্নীতি অর্থ আত্মসাতের সুনির্দিষ্ট অভিযোগ জেলা প্রশাসক, চাঁদপুর এর তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু এরূপ অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলার ৬নং রায়শ্রী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আবদুচ ছাত্তার এর বিরুদ্ধে এরূপ অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি সদস্য (১নং প্যানেল চেয়ারম্যান)-কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৩০০.০১৭.২৭.০০২.১৫. ৪২৭

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, চাঁদপুর (উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারা মোতাবেক অপসারণের প্রস্তাব প্রেরণের জন্য এবং তার বিরুদ্ধে দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হওয়ায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২. উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি, চাঁদপুর।
০৩. জনাব মোঃ আবদুচ ছাত্তার, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), ০৬নং রায়শ্রী ইউনিয়ন পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব